[redacted]
পৃষ্ঠা ... ... কলাম ...

দৈনিক খবর

তারিখ ... 07 OCT 1991 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ৮ ...

7

গণতান্ত্রিক ছাত্র ঐক্য

# ক্যাম্পাসে সন্ত্রাস বিরোধী র‍্যালি ও সমাবেশ

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

'শিক্ষার অধিকারসহ মৌলিক মানবিক অধিকার আদায়ের লক্ষ্যে রাজপথ প্রকম্পিত করার জন্য গণতান্ত্রিক ছাত্র ঐক্যের জন্ম হয়েছে।' গতকাল রোববার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে গণতান্ত্রিক ছাত্র ঐক্যের নেতৃবৃন্দ একথা বলেন। সমাবেশের পূর্বে একটি সন্ত্রাস বিরোধী র‍্যালি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

নূর আহমেদ বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সন্ত্রাস বিরোধী সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ছাত্রলীগের (না-শ) শফি আহমেদ, ছাত্র ফেডারেশনের ফয়জুল হাকিম

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## ক্যাম্পাসে সন্ত্রাস

প্রথম পৃষ্ঠার পর

লালা, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের রাজেকুজ্জামান রতন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের বিধান রায়, ছাত্র মৈত্রীর আমিনুল ইসলাম, ছাত্রলীগের (সা-শা) শহীদুল্লাহ প্রমুখ নেতৃবৃন্দ সন্ত্রাস নিরসনকল্পে যে কোন ধরনের ত্যাগ স্বীকারের জন্য সবাইকে আহবান জানান। ছাত্র মৈত্রীর সভাপতি নূর আহমেদ বকুল ছাত্র সমাজের ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে ঐক্যবদ্ধ আন্দোলনের আহবান জানিয়ে বলেন, শিক্ষার অধিকারসহ যে কোন ধরনের মৌলিক অধিকার আদায়ের লক্ষ্যে আন্দোলন করে যাব। আর এজন্যই গণতান্ত্রিক ছাত্র ঐক্যের জন্ম হয়েছে। তিনি শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনার জন্য ক্ষমতাসীন ছাত্র সংগঠনকে দায়ী করে বলেন, ক্ষমতাসীনরা এখন ক্ষমতার কাড়াকাড়িতে ব্যস্ত হয়ে পড়েছে। আর সরকার অস্ত্রবাজদের মদদ যোগাচ্ছে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আধিপত্য বিস্তারের জন্য, যার কারণে গোটা শিক্ষা জীবন এখন ধ্বংসের মুখোমুখি।

ছাত্রলীগের (না-শ) শফি আহমেদ বলেন, একটি স্বৈরাচারমুক্ত বাংলাদেশ পাবার প্রত্যাশায় আমরা সংগ্রাম করেছিলাম। আর বর্তমান সরকার এমনই এক গণতন্ত্র উপহার দিলেন যার কারণে ১শ টিরও বেশী শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে। এ ব্যবস্থাটা সেই স্বৈরাচারী ব্যবস্থারই আরেক পিঠ। তিনি সংসদে বিরোধী দলকে সন্ত্রাসীদের দলে না টানার আহবান জানিয়ে বলেন, কোন কারণে গণতন্ত্র ব্যাহত হলে তার দায়দায়িত্ব সরকারকেই বহন করতে হবে।

ছাত্র ফেডারেশনের ফয়জুল হাকিম লালা অবিলম্বে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানিয়ে বলেন, পুলিশ প্রশাসনকে নিরপেক্ষভাবে তার দায়িত্ব পালন করতে হবে।

অপরদিকে জাতীয়তাবাদী ছাত্রদল একই সময়ে ডাকসু ভবনের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তৃতা করেন, ফজলুল হক মিলন, হাবিবুন্নবী সোহেল, আলী আক্কাস নাদিম প্রমুখ। তারা গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সন্ত্রাস বিরোধী র‍্যালিকে অভিনন্দিত করেন।